

# বলাই

প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি ✓ দ্বারা চিহ্নিত করো।

১। 'বলাই' গল্পটি কার রচনা ?

- (ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (খ) রবীন্দ্রনাথ ঠাকুর  
(গ) প্রমথ চৌধুরী (ঘ) মানিক বন্দ্যোপাধ্যায়

**উঃ রবীন্দ্রনাথ ঠাকুর।**

২। 'বলাই' গল্পটি কোন অনুষ্ঠান উপলক্ষে রচিত?

- (ক) বৃক্ষরোপণ উৎসব (খ) বসন্ত উৎসব  
(গ) নবান্ন উৎসব (ঘ) বর্ষবরণ উৎসব

**উঃ বৃক্ষরোপণ উৎসব।**

৩। 'বলাই' গল্পটির কথক কে?

- (ক) বলাই নিজে (খ) বলাইয়ের কাকিমা  
(গ) বলাইয়ের কাকা (ঘ) বলাইয়ের বন্ধু

**উঃ বলাইয়ের কাকা।**

৪। কোন গাছটি বলাইয়ের প্রতিক্রম ?

- (ক) সেগুন গাছ (খ) শাল গাছ  
(গ) শিমূল গাছ (ঘ) বেল গাছ

**উঃ শিমূল গাছ।**

৫। বিলাতে যাওয়ার আগে বলাই কোথায় ছিল?

- (ক) দিল্লি (খ) শ্রীনগর  
(গ) সিমলায় (ঘ) মুসৌরীতে

**উঃ সিমলায়।**

৬। বলাই কোন বয়সে মাকে হারিয়েছিল ?

(ক) কৈশোরে

(খ) যৌবন বয়সে

(গ) শিশু অবস্থায়

(ঘ) প্রৌঢ় বয়সে

**উঃ শিশু অবস্থায়।**

৭। বলাইয়ের কাকা ছিলেন -----

(ক) নিঃসন্তান

(খ) অপুত্রক

(গ) অবিবাহিত

(ঘ) এক পুত্রের পিতা

**উঃ নিঃসন্তান।**

৮। বলাইয়ের বাবা বিলাতে যান কেন?

(ক) পড়াশুনার জন্য

(খ) ভ্রমণে

(গ) চাকরি সূত্রে

(ঘ) ব্যবসার জন্য

**উঃ পড়াশুনার জন্য।**

৯। বলাই গল্পের প্রধান চরিত্র কে?

(ক) ঘাসিয়াড়া

(খ) লেখক

(গ) বলাই

(ঘ) কাকীমা

**উঃ বলাই।**

১০। ঘাসিয়াড়া বলতে কাকে বোঝায়?

(ক) যে ধান রোপণ করে

(খ) যে ঘাস কাটে বা ছাঁটে

(গ) যে গাছ কাটে

(ঘ) যে গাছ লাগায়

**উঃ যে ঘাস কাটে বা ছাঁটে।**

১১। 'অতি পুরানো বটের কোটরে বাসা বেঁধে আছে এক জোড়া অতি পুরনো পাখি' - তারা কী পাখি ?

(ক) বেঙ্গমা-বেঙ্গমী

(খ) কাঠঠোকরা

(গ) শুক সারি

(ঘ) ঘুঘু পাখি

**উঃ বেঙ্গমা-বেঙ্গমী।**

১২। বলাই কে?

(ক) লেখকের বন্ধু

(খ) লেখকের দাদা

(গ) কথকের ভাইপো

(ঘ) কাল্পনিক চরিত্র

**উঃ কথকের ভাইপো।**

১৩। বলাইয়ের প্রাণের দোসর কে?

(ক) তার বাবা

(খ) একটা শিমূল গাছ

(গ) তার কাকা

(ঘ) তার কাকিমা

**উঃ একটা শিমূল গাছ।**

১৪। অনেক সময় বলাই বাগানে কি খুঁজে বেড়ায়?

(ক) অঙ্কুরোদগম

(খ) ব্যাঙের গর্ত

(গ) পিঁপড়ের চলাফেরা

(ঘ) ঘাসফুল

**উঃ অঙ্কুরোদগম।**

১৫। বলাই কেমন প্রকৃতির ছিল?

(ক) আত্মকেন্দ্রিক

(খ) প্রকৃতিপ্রেমিক

(গ) ট্র্যাডিক চরিত্র

(ঘ) দুরন্ত শিশু

**উঃ প্রকৃতিপ্রেমিক।**

১৬। বলাই কেন কাকা-কাকীর কাছে ছিল?

(ক) কাকা নিঃসন্তান তাই

(খ) পিতৃহীন

(গ) মাতৃহীন

(ঘ) বন্ধুহীন

**উঃ মাতৃহীন।**

১৭। কি ধরনের সাহিত্য বলাই?

(ক) ছোটগল্প

(খ) নাটক

(গ) উপন্যাস

(ঘ) প্রবন্ধ

**উঃ ছোটগল্প।**

১৮। কোন দিনটি বলাইয়ের কাছে সবচেয়ে বিপদের?

(ক) কাকিমা বাড়ি না থাকলে

(খ) কাকা বাইরে গেলে

(গ) ঘাসিয়াড়ার ঘাস কাটার দিন

(ঘ) পরীক্ষার দিন

**উঃ ঘাসিয়াড়ার ঘাস কাটার দিন।**

১৯। 'শিমূল গাছ ছিল বলাইয়ের প্রাণের দোসর।' - দোসর বলতে কি বোঝায়?

(ক) ভাই

(খ) মামা

(গ) সখা

(ঘ) বোন

**উঃ সখা।**

২০। শিমূল গাছ কাটার সময় বলাই কোথায় ছিল?

(ক) অন্ধপ্রদেশ

(খ) সিমলা

(গ) মুসৌরী

(ঘ) বিদেশ

**উঃ সিমলা।**

২১। 'কেউ গাছের ফুল তুললে ওর বুকো বড়ো বাজে।' — কার কথা বলা হয়েছে?

(ক) বলাই

(খ) রতন

(গ) মাখন

(ঘ) ছিদাম

**উঃ বলাই।**